দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 27. AUG. 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

—ইত্তেফাক

# নয়াপাড়া প্রাথমিক বিদ্যালয় জেলার শ্রেষ্ঠ

■ আলীকদম (বান্দরবান) সংবাদদাতা

বান্দরবান জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদা পেয়েছে আলীকদম উপজেলার নয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। এ খবরে বিদ্যালয়ের শিক্ষক, ছাত্রছাত্রী ও অভিভাবকদের মাঝে আনন্দের বন্যা বইছে। প্রধান শিক্ষক ফোরকানারা বেগম বলেন, বিদ্যালয়টি উপজেলায় টানা চারবার সেরা হওয়ার পর এবার জেলায় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি পেল। বিদ্যালয় সূত্র জানিয়েছে, ১৯৬৫ সালে উপজেলার চৈক্ষং ইউনিয়নে নয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠা হয়। বর্তমানে বিদ্যালয়ে ৭ জন শিক্ষক-শিক্ষিকা ও ৫ শতাধিক ছাত্রছাত্রী রয়েছে।

উপজেলা শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ ইলিয়াছ বলেন, ওই বিদ্যালয়টি উপজেলায় টানা চারবার শ্রেষ্ঠ হওয়ার পর এবার জেলা পর্যায়ে শ্রেষ্ঠ হয়েছে।